



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৫/০৮/২০১৮ খ্রি:

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ পালিত

যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮। জাতীয় শোক দিবসের কর্মসূচির অংশ হিসেবে সূর্যোদয়ের সাথে সাথে অর্ধনমিত ভাবে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয়ের পতাকা এবং কালো পতাকা উত্তোলন করা হয়। শোক দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় প্রশাসন সকাল ৮.৩০ ঘটিকায় শোক র্যালির আয়োজন করে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান-এর উপস্থিতিতে বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্য কালো ব্যাজ ধারণ করে শোক র্যালিতে অংশগ্রহণ করে। র্যালিটি প্রশাসনিক ভবনের সামনে থেকে বিশ্ববিদ্যালয় সংলগ্ন মহাসড়ক হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে অস্থায়ী ভাবে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতির সামনে এসে শেষ হয়। শোক র্যালি শেষে ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধান, প্রক্টর, প্রভোস্ট, পরিচালকগণ, শিক্ষকমন্ডলী, দপ্তর প্রধানগণ, শিক্ষার্থীবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এর পরপরই শ্রদ্ধা নিবেদনে অংশ নেয় বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, সেক্টর কমান্ডারস্ ফোরাম মুক্তিযুদ্ধ-৭১ ববি শাখা, অফিসার্স এসোসিয়েশন, ৩য় শ্রেণি কর্মচারী কল্যাণ পরিষদ, ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যাণ পরিষদ, বিশ্ববিদ্যালয়ের ২২ টি বিভাগ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বিইউডিএস, ৭১'র চেতনা, কীর্তনখোলা ফিল্ম সোসাইটি, বিশ্ববিদ্যালয়ের অন্যান্য সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনসহ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ নেতৃবৃন্দ। জাতীয় শোক দিবসের তাৎপর্য তুলে ধরে সকাল ১০:০০ ঘটিকায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের যে সকল সদস্য ১৫ আগস্ট শাহাদত বরণ করেছেন তাঁদের স্মরণে ১ মিনিট নিরবতা পালন করা হয়। শোক দিবসের আলোচনা সভায় ট্রেজারার মহোদয় আজকের এইদিনে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শাহাদত বরণকারী সকল সদস্যের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে বলেন, বঙ্গবন্ধু একজন সাধারণ মানুষ ছিলেন না, তিনি ছিলেন অসাধারণ ব্যক্তিত্বের অধিকারী। তিনি শুধু বাংলাদেশেরই নেতা ছিলেন না, তিনি ছিলেন বিশ্বমানের নেতা। আর তাই দেশী বিদেশী ষড়যন্ত্রকারীরা আঁচ করতে পেরেছিল বঙ্গবন্ধু যদি বেঁচে থাকেন তাহলে তিনি হবেন বিশ্ব নেতা। তাই ষড়যন্ত্রকারীরা তাঁকে হত্যার মতো জঘন্য পথকে বেছে নেয়। কিন্তু বঙ্গবন্ধুকে হত্যা করা হলেও তাঁর আদর্শ ও চেতনাকে মুছে ফেলা যায়নি, তিনি আছেন আমাদের হৃদয় মাঝে আমাদের চেতনায়। বঙ্গবন্ধুর অসমাপ্ত স্বপ্ন বাস্তবায়নে নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে এবং অচিরেই বাংলাদেশ বিশ্বে উন্নয়নের রোল মডেলে পরিনত হবে। সভায় আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন সেক্টর কমান্ডারস্ ফোরাম মুক্তিযুদ্ধ-৭১ ববি শাখার সভাপতি ড. মো. হাসিনুর রহমান, শিক্ষক সমিতির সভাপতি শেরে বাংলা হলের প্রভোস্ট মোঃ ইব্রাহীম মোল্লা, সাধারণ সম্পাদক ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের চেয়ারম্যান মো. আবু জাফর মিয়া, অফিসার্স এসোসিয়েশনের পক্ষে বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব শাখার উপ-পরিচালক সুব্রত কুমার বাহাদুর, ৩য় শ্রেণি কর্মচারী কল্যাণ পরিষদের সভাপতি মোঃ আবুল কালাম এবং ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যাণ পরিষদের সভাপতি মোঃ শাহাজাদা খান, শিক্ষার্থীদের মধ্য থেকে বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের শিক্ষার্থী লোকমান হোসেন এবং কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থী সুস্মিতা বনিক। আলোচনা সভা শেষে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের যে সকল সদস্য ১৫ আগস্ট শাহাদত বরণ করেছেন তাঁদের রূহের মাগফিরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়। শোক দিবসের অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ মনিরুল ইসলাম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস